

ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটি

২৬ নং ওয়ার্ড

সভার কার্য বিবরণী

সভা নং-০৩

সভার তারিখ ও সময়ঃ ১০ নভেম্বর ২০২৩ ইং তারিখ রাত ৯.০০ ঘটিকা।

স্থানঃ কাউন্সিলর কার্যালয়, ২৬ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন।

সভাপতিঃ জনাব মোহাম্মদ তৌফিক বকস, কাউন্সিলর, ২৬ নং ওয়ার্ড ও প্যানেল মেয়র-১, সিলেট সিটি কর্পোরেশন।

আলোচ্য সূচীঃ ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা ও বর্জ্য ব্যবস্থাপনা,

সভাপতি মহোদয় ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করার মাধ্যমে সভায় স্বাগত জানান। আল্লাহ তাআলার অশেষ মেহেরবানীতে ৩য় বার কাউন্সিলর নির্বাচিত হওয়ায় শুরুরিয়া জ্ঞাপন করেন এবং কমিটির সকল সদস্যবৃন্দের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে সভার কাজ শুরু করেন।

ওয়ার্ড সচিব জনাব সুলতান আহমদ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তাহা সর্ব সম্মতিক্রমে গৃহিত হয়। সভাপতি মহোদয়, কমিটির সকল সদস্য বৃন্দকে সভায় আলোচ্য বিষয়ে উন্মোক্ত আলোচনার আহ্বান জানান।

জনাব খন্দকার মহসিন কামরান বলেন, আজ কমিটির ৩ নং সভা। সিটি নির্বাচন পরবর্তী কমিটির ১ম সভা। সিলেট সিটি কর্পোরেশন এর মেয়র জনাব আনোয়াররুজ্জামান চৌধুরী দায়িত্বভার ইতিমধ্যে গ্রহন করেছেন। আমরা আশা করছি তিনি সিটি কর্পোরেশনে জনকল্যানমুখি নেতৃত্ব দিবেন। নির্বাচন থাকায় ২ নং সভায় সিদ্ধান্ত গ্রহন করা হয়নি। উক্ত সভায় আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়ার অনুরোধ জানান।

কাউন্সিলর জনাব মোঃ তৌফিক বকস বলেন, আমার এই মেয়াদে ২৬ নং ওয়ার্ড কে একটি ক্রিন ওয়ার্ড হিসাবে গড়ে তুলতে চাই। সিলেট সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব আনোয়াররুজ্জামান চৌধুরী অত্যন্ত যোগ্য ও মেধাবী ব্যক্তিত্ব। ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটি একটি গুরুত্বপূর্ণ কমিটি। মাননীয় মেয়র ও এই কমিটির সহযোগিতায় আমরা লক্ষ্য অর্জন করতে পারবো বলে বিশ্বাস করি।


সিদ্ধান্ত সমূহ

১। আগামী ১ লা ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ হতে প্রত্যেক বাসা- বাড়ী, কলোনী, হোটেল রেস্টোরা, দোকান-পাট হতে উৎপাদিত বর্জ্য আবর্জনাবাহী ভ্যান এর মাধ্যমে ন্যূনতম চার্জ আদায় সাপেক্ষে সংগ্রহ করার উদ্যোগ গ্রহন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

২। সকল শ্রেণী-পেশার মানুষের অংশগ্রহন ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কমিটির আয়োজনে কমিউনিটি ভিত্তিক মতবিনিময় সভা ও লিফলেট বিতরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভার মূলতবী ঘোষণা করা হয়।

অনুরোধক্রমে



(মোহাম্মদ তৌফিক বকস)

কাউন্সিলর ও প্যানেল মেয়র ০১,

এবং সভাপতি, ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটি,

২৬ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন